# বিয়ের প্রলোভনে ধর্ষণ: এনসিপি সদস্যের বিরুদ্ধে গুরুতর অভিযোগ




সংগৃহীত ছবি

রাজধানীর হাজারীবাগ এলাকায় এক নারীকে বিয়ের প্রলোভনে ধর্ষণের অভিযোগ উঠেছে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) এক নেতার বিরুদ্ধে।মামলা করতে গেল এনসিপি নেতা হওয়ায় পুলিশ মামলা নিচ্ছেনা বলে অভিযোগ করেছে ভুক্তভোগীর পরিবার।

ভুক্তভোগীর ভগ্নিপতি গণমাধ্যমকে জানান, অভিযুক্ত এনসিপি নেতার সঙ্গে ভুক্তভোগীর আট বছর ধরে সম্পর্ক ছিল। বিয়ের প্রতিশ্রুতি দিয়ে ওই নেতা তার শ্যালিকাকে ধর্ষণ করেন। এ ঘটনায় গত শনিবার (২৬ জুলাই) হাজারীবাগ থানায় মামলা করতে গেলে পুলিশ মামলা নেয়নি বলে অভিযোগ ওঠে। ঘটনার পর থেকে সামাজিক যোগাযোগমাধ্যমে থানার বিরুদ্ধে মামলা না নেওয়ার অভিযোগে ব্যাপক সমালোচনা চলছে।

তবে হাজারীবাগ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সাইফুল ইসলাম দাবি করেন, অভিযোগকারী নারী যে বাসায় ধর্ষণের অভিযোগ করেছেন, সেটি কামরাঙ্গীরচর থানার অধীন। তাই ভুক্তভোগীকে ওই থানায় যাওয়ার পরামর্শ দেওয়া হয়েছে। তিনি আরও বলেন, "মামলা না নেওয়ার অভিযোগ সঠিক নয়, আমরা নিয়ম মেনেই পদক্ষেপ নিচ্ছি।"

পুলিশ জানায়, ইতোমধ্যে তারা একটি সাধারণ ডায়েরি (জিডি) করেছে। প্রাথমিক তদন্তে অভিযোগের সত্যতা পাওয়া গেলে মামলা গ্রহণ করা হবে বলে জানিয়েছে পুলিশ। এনসিপির কয়েকজন নেতাকর্মী থানায় এসে অভিযুক্তের বিরুদ্ধে সুষ্ঠু তদন্তের দাবি জানান। তারা বলেন, ধর্ষণের সঙ্গে জড়িত থাকলে তার বিরুদ্ধে মামলা হলে এনসিপির কোনো আপত্তি নেই, তবে কাউকে যেন অন্যায়ভাবে ফাঁসানো না হয়।

এদিকে কামরাঙ্গীরচর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আমিনুর রহমান সাংবাদিকদের বলেন, "ঘটনার বিষয়ে অভিযোগ পাওয়ার পর তদন্ত শুরু হয়েছে। ধর্ষণের অভিযোগের প্রমাণ মিললেই দ্রুত আইনানুগ ব্যবস্থা নেওয়া হবে।"

LENS ASIA